# উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: আরিফুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
সভার তারিখ : ২৮ ফেব্রুয়ারি' ২০২৪ খ্রি:, সময়: বেলা ১২.১৫ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বেগমগঞ্জ, নোয়াখালী।

**উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট- "ক"**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপজেলা নারী ও শিশু নির্যাতন নিরোধ বিষয়ে সবাইকে একযোগে কাজ করতে হবে এবং সচেতনতা বাড়াতে হবে। সভায় নারী ও শিশু নির্যাতন নিরোধ সংক্রান্ত উপস্থিত সদস্যগণ নিজেদের মতামত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান বেগমগঞ্জ উপজেলায় যেন নারী ও শিশু নির্যাতন এই ধরনের ঘটনা না ঘটে সেই দিকে কঠোর দৃষ্টি রাখার জন্য সবাইকে বিনীত অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন প্রকার সংশোধনী পাওয়া যায়নি। তিনি আরও জানান ফেব্রুয়ারি/২০২৪ মাসে তাঁর দপ্তরে কোন নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অভিযোগ পাওয়া যায়নি।<br>২) অফিসার ইন-চার্জ, বেগমগঞ্জ থানা সভায় জানান যে, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ফেব্রুয়ারি/২০২৪ মাসে যৌতুক ০১টি, নারী ও শিশু নির্যাতন ০০টি, পর্নোগ্রাফি ০১, ধর্ষন ০৩, যৌন হয়রানী ০১টি ও অপহরণ ০৫টি মামলা রুজু হয়। মামলাগুলো তদন্তাধীন রয়েছে।<br>৩) বেগমগঞ্জ উপজেলার জনপ্রতিনিধি, গন্যমান্য ব্যক্তিবর্গ ও এনজিও প্রতিনিধি ও কমিটির সকলকে যার যার অবস্থান থেকে নারী ও শিশু নির্যাতন বন্ধে কার্যকর ভূমিকা রাখার বিষয়ে মতামত প্রদান করেন। | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন হয়।<br>নারী নির্যাতন ও বাল্য বিবাহ বন্ধ সম্পর্কিত কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) নারী ও শিশু নির্যাতন সম্পর্কিত তদন্তাধীন মামলা গুলো দ্রুতনিষ্পত্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও অফিসার ইন-চার্জ, বেগমগঞ্জ |
| ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি সংক্রান্ত | সভাপতি, উপজেলা নারী ও শিশু নির্যাতন নিরোধ কমিটি সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি সভার কার্যবিবরণী প্রতিমাসের ৫তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা আহবান করে দ্রুত কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), বেগমগঞ্জ |
| প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ও মাধ্যমিক শিক্ষা, মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন বন্ধের বিষয়ে প্রচার সংক্রান্ত। | উপজেলা মাধ্যমিক অফিসার, বেগমগঞ্জ সভায় জানান যে, নারী ও শিশু নির্যাতন বন্ধের বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্য এবং শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/ কর্মচারীদের সাথে মতবিনিময় সভা করে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধিরে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নারী ও শিশু নির্যাতন বন্ধের বিষয়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) নারী ও শিশু নির্যাতন এবং মাদকের বিরুদ্ধে ব্যাপক প্রচার করার বিষয়টি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |

| বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা সংক্রান্ত | প্রতিটি এলাকায় নারী ও শিশু নির্যাতন নিরোধের বিষয়ে কোন তথ্য পাওয়া মাত্র উপজেলা প্রশাসন এবং পুলিশকে তাৎক্ষণিক জানানো, এলাকার জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুধীসমাজ, গ্রাম-পুলিশ এবং জনসাধারণদের নিয়ে ওয়ার্ড ভিত্তিক সভা করে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>২) প্রতিটি মসজিদে খতিব, ইমামদের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন নিরোধের বিষয়ে জু'ম্মা নামাজের খুৎবা প্রদানের পূর্বে বক্তব্য প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | ওয়ার্ড ভিত্তিক নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে ওয়ার্ড ভিত্তিক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে জু'ম্মা নামাজের খুৎবা প্রদানের পূর্বে খতিব সাহেব বক্তব্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উঠান বৈঠক ও সভা সেমিনারের মাধ্যমে তৃনমূল পর্যায়ে হটলাইন নং- ১০৯ ও ৯৯৯ ব্যাপক ভাবে প্রচারনার বিষয়ে সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল), বেগমগঞ্জ ও ইসলামিক ফাউন্ডেশন, বেগমগঞ্জ |
| সচেতন ও সতর্ক থাকা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি সভায় জানান যে, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অনাকাঙ্খিত কোন ঘটনা যেন না ঘটে সে বিষয়ে সকলকে সতর্ক থাকার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নারী ও শিশু নির্যাতন বন্ধে সকলকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল সদস্য |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০২/২০২৪
(মো: আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
বেগমগঞ্জ, নোয়াখালী

স্মারক নং-৩২.০১.৭৫০৭.০০০.০৫.০০৩৬.২১-৩৮ তারিখ: ফেব্রুয়ারি' ২০২৪খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, ২৭০, নোয়াখালী-৩
০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
০৩। পুলিশ সুপার, নোয়াখালী
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ
০৫। মেয়র, চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ
০৬। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নোয়াখালী।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ
০৮। সহকারী কমিশনার (ভূমি), বেগমগঞ্জ
০৯। উপজেলা --------------------------------------------কর্মকর্তা, বেগমগঞ্জ
১০। চেয়ারম্যান, ----------------------------------------- নং ইউপি, বেগমগঞ্জ
১১। জনাব--------------------------------------------------------, বেগমগঞ্জ
১২। অফিস কপি।

২৮.০২.২৩
(রেশমা আক্তার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও
সদস্য সচিব
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
বেগমগঞ্জ, নোয়াখালী